

# 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২৬

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ মরণকে স্মরণ এবং কামনা-বাসনা কম করার গুরুত্ব

### আরবী

وَعَنْ أَبِيْ بِنِ كَعِبٍ كَانَ رَسُولُ اللهِ عَلِيْ إِذَا ذَهَبَ ثُلُثُ اللَّيْلِ قَامَ فَقَالَ يَا أَيُّهَا النَّاسُ اذْكُرُوا اللهَ جَاءتِ الرَّاجِفَةُ تَتْبَعُهَا الرَّادِفَةُ جَاءَ المَوْتُ بِمَا فِيهِ جَاءَ المَوْتُ بِمَا فِيهِ قُلْتُ الْكُرُوا اللهَ إِنِّي أُكْثِرُ الصَّلَاةَ عَلَيْكَ فَكَمْ أَجْعَلُ لَكَ مِنْ صَلَاتِي ؟ فَقَالَ مَا شِئْتَ قُلْتُ : يَا رَسُولِ اللهِ إِنِّي أُكْثِرُ الصَّلَاةَ عَلَيْكَ فَكَمْ أَجْعَلُ لَكَ مِنْ صَلَاتِي ؟ فَقَالَ مَا شِئْتَ قُلْتُ : الرُّبُعِ قَالَ مَا شِئْتَ فَإِنْ زِدْتَ فَهُوَ خَيْرٌ لَكَ قُلْتُ : فَالنِّصَفْ ؟ قَالَ مَا شِئْتَ فَإِنْ زِدْتَ فَهُو خَيْرٌ لَكَ قُلْتُ : فَالنِّصَفْ ؟ قَالَ مَا شِئْتَ فَإِنْ زِدْتَ فَهُو خَيْرٌ لَكَ قُلْتُ : أَجعَلُ لَكَ مَلَاتِي كُلُهَا ؟ قَالَ إِذَا تُكْفَى هَمَّكَ وَيُغْفَر لَكَ ذَنْبُكَ رواه الترمذي و قَالَ حديث حسن صَلاَتِي كُلَّهَا ؟ قَالَ إِذاً تُكْفَى هَمَّكَ وَيُغْفَر لَكَ ذَنْبُكَ رواه الترمذي و قَالَ حديث حسن

#### বাংলা

(৩২৬) উবাই ইবনে কা'ব (রাঃ) থেকে বর্ণিত। যখন রাতের এক তৃতীয়াংশ পার হয়ে যেত, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উঠে দাঁড়াতেন এবং বলতেন, হে লোক সকল! আল্লাহকে স্মরণ কর। কম্পনকারী (প্রথম ফুৎকার) এবং তার সহগামী (দ্বিতীয় ফুৎকার) চলে এসেছে এবং মৃত্যুও তার ভয়াবহতা নিয়ে হাজির। আমি বললাম, হে আল্লাহর রসূল! আমি (আমার দু'আতে) আপনার উপর দর্মদ বেশি পড়ি। অতএব আমি আপনার প্রতি দর্মদ পড়ার জন্য (দু'আর) কতটা সময় নির্দিষ্ট করব?' তিনি বললেন, তুমি যতটা ইচ্ছা কর।

আমি বললাম, 'এক চতুর্থাংশ?' তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, যতটা চাও। যদি তুমি বেশি কর, তবে তা তোমার জন্য উত্তম হবে। আমি বললাম, 'অর্ধেক (সময়)?' তিনি বললেন, তুমি যা চাও; যদি বেশি কর, তাহলে তা ভাল হবে। আমি বললাম, 'দুই তৃতীয়াংশ?' তিনি বললেন, তুমি যা চাও (তাই কর)। যদি বেশি কর, তবে তা তোমার জন্য উত্তম। আমি বললাম, 'আমি আমার (দু'আর) সম্পূর্ণ সময় দর্মদের জন্য নির্দিষ্ট করব!' তিনি বললেন, তাহলে তো (এ কাজ) তোমার দুশ্চিন্তা (দূর করার) জন্য যথেষ্ট হবে এবং তোমার পাপকে মোচন করা হবে।

### ফুটনোট



## (তিরমিযী ২৪৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন